

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২১ আশ্বিন ১৪২৩ বঙ্গাব্দ/০৬ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.২২৮—নারীর ক্ষমতায়নে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ২১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে জাতিসংঘের নারী বিষয়ক সংস্থা ইউএন-উইমেন কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘প্ল্যানট ৫০-৫০ চ্যাম্পিয়ন’ এবং গ্লোবাল পার্টনারশিপ ফোরাম কর্তৃক ‘এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড’ পুরস্কারে ভূষিত করা হয়। যুক্তরাষ্ট্রের জাতিসংঘ সদর-দফতর, জাতিসংঘ প্লাজায় বর্ণাঢ্য পুরস্কার প্রদান অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট পুরস্কার দুটি হস্তান্তর করা হয়।

২। মাননীয় প্রধানমন্ত্রীর ‘প্ল্যানট ৫০-৫০ চ্যাম্পিয়ন’ এবং ‘এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড’ অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৮ আশ্বিন ১৪২৩/০৩ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১৫১৯৯ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১৮ আশ্বিন ১৪২৩  
ঢাকা : ০৩ অক্টোবর ২০১৬

নারীর ক্ষমতায়নে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ২১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে জাতিসংঘের নারী বিষয়ক সংস্থা ইউএন-উইমেন কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘প্ল্যান্ট ৫০-৫০ চ্যাম্পিয়ন’ এবং গ্লোবাল পার্টনারশিপ ফোরাম কর্তৃক ‘এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড’ পুরস্কারে ভূষিত করা হয়। যুক্তরাষ্ট্রের জাতিসংঘ সদর-দফতর, জাতিসংঘ প্লাজায় বর্ণাঢ্য পুরস্কার প্রদান অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট পুরস্কার দু’টি হস্তান্তর করা হয়। নারীসমাজকে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করে জাতির ভাগ্যের আমূল পরিবর্তন ঘটানো এবং নারী উন্নয়নের সফল অভিযাত্রায় বিচক্ষণ নেতৃত্ব প্রদানের স্বীকৃতিস্বরূপ সংস্থা দু’টি মাননীয় প্রধানমন্ত্রীকে এ সম্মানে ভূষিত করে।

নারীর অধিকার ও ক্ষমতায়ন, দেশের টেকসই উন্নয়ন অভিলক্ষ্য (এসডিজি) অর্জনে নারী-পুরুষের সম-অংশীদারিত্ব নিশ্চিতকরণ এবং টেকসই ভবিষ্যৎ বিনির্মাণে উভয়ের সমান সুযোগ সৃষ্টি করার ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্ব ও দিকনির্দেশনার ফলস্বরূপ এই সম্মান অর্জন সম্ভব হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর দিনবদলের রূপকল্পের প্রতি অকুণ্ঠ সমর্থন ও অবিচল আস্থা স্থাপনের জন্য ‘প্ল্যান্ট ৫০-৫০ চ্যাম্পিয়ন’ এবং ‘এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড’ পুরস্কার দু’টি বাংলাদেশের জনগণের প্রতি উৎসর্গ করেন। তাঁর সুযোগ্য নেতৃত্বে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বাংলাদেশে নারী-পুরুষ যেভাবে একে অপরের পরিপূরক হিসেবে কাজ করেছে, একই অনুক্রমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়নেও তারা সমান অংশীদারিত্ব বজায় রাখবে।

উল্লেখ্য যে রাষ্ট্রনায়কোচিত ও দূরদর্শী নেতৃত্ব, শান্তি ও গণতন্ত্রের প্রতি সুদৃঢ় অঙ্গীকার এবং নারী ও কন্যা-শিশুর শিক্ষা ও সাক্ষরতা প্রসারে অগ্রণী ভূমিকার স্বীকৃতিস্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী ইতঃপূর্বে ইউনেস্কো কর্তৃক ‘Tree of Peace’ পুরস্কারে ভূষিত হয়েছেন। এছাড়া তিনি মহিলা ও শিশু স্বাস্থ্য উন্নয়নে তথ্যপ্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে অনন্য অবদানের জন্য ‘সাইথ-সাইথ পুরস্কারে’ ভূষিত হন। আরও উল্লেখ্য যে লিঙ্গবৈষম্য হ্রাসকরণের ক্ষেত্রে সুযোগ্য নেতৃত্ব প্রদানের স্বীকৃতিস্বরূপ Women in Parliaments Global Forum কর্তৃক তাঁকে ‘Women in Parliaments Global Forum Award’-এ ভূষিত করা হয়।

আন্তর্জাতিক পরিমন্ডলে একের পর এক এ ধরনের বিরল সম্মান অর্জন বিশ্বে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করছে।

মাননীয় প্রধানমন্ত্রীর ‘প্ল্যান্ট ৫০-৫০ চ্যাম্পিয়ন’ এবং ‘এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড’ অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd